

আত-তাকাসুর | At-Takathur | التَّكَاثُرُ

আয়াতঃ ১০২ : ৭

আরবি মূল আয়াত:

ثُمَّ لَتَرُونَهَا عَيْنَ الْيَقِينِ ﴿٧﴾

অনুবাদসমূহ:

তারপর তোমরা তা নিশ্চিত চাক্ষুষ দেখবে। — আল-বায়ান

আবার বলি, তোমরা তা অবশ্য অবশ্যই দিব্য দৃষ্টিতে দেখতে পাবে, — তাইসিরুল

আবার বলি, তোমরাতো ওটা দেখবেই চাক্ষুষ প্রত্যয়ে। — মুজিবুর রহমান

Then you will surely see it with the eye of certainty. — Sahih International

৭. তারপর অবশ্যই তোমরা তা দেখবে চাক্ষুষ প্রত্যয়ে(১),

(১) উপরে বলা হয়েছে (عَيْنَ الْيَقِينِ) এর অর্থ সে প্রত্যয়, যা চাক্ষুষ দর্শন থেকে অর্জিত হয়। [আদওয়াউল বায়ান} ইবনে আব্বাস রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, খবর কোনদিন চাক্ষুষ দেখার মত নয়। মুসা আলাইহিস সালাম যখন তুর পর্বতে অবস্থান করছিলেন এবং তার অনুপস্থিতিতে তার সম্প্রদায় গোবৎসের পূজা করতে শুরু করেছিল, তখন আল্লাহ তা'আলা তুর পর্বতেই তাকে অবহিত করেছিলেন যে, বনী-ইসরাঈলরা গোবৎসের পূজায় লিপ্ত হয়েছে। কিন্তু মুসা আলাইহিস সালাম এর মধ্যে এর তেমন প্রতিক্রিয়া দেখা দেয়নি, যেমন ফিরে আসার পর স্বচক্ষে প্রত্যক্ষ করার ফলে দেখা দিয়েছিল; তিনি ক্রোধে আত্মহারা হয়ে তাওরাতের তক্তাগুলো হাত থেকে ছেড়ে দিয়েছিলেন, ফলে সেগুলো ভেঙ্গে যায়। [মুসনাদে আহমাদ: ১/২৭১]

তাকসীরে জাকারিয়া

৭। আবার বলি, তোমরা তা ওটা দেখবেই চাক্ষুষ প্রত্যয়ে। [1]

[1] জাহান্নামের প্রথম দর্শন হবে দূর থেকে। আর এ চাক্ষুষ দর্শন হবে নিকট থেকে। এই জন্য এখানে عَيْنَ الْيَقِينِ (চাক্ষুষ প্রত্যয়ে) শব্দ ব্যবহার করা হয়েছে।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6175>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন